

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, পাবনা
www.doict.pabna.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৬০০.০০০.৩২.০০৩.১৯.৪৯

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় তথ্য বাতায়ন/ওয়েবপোর্টাল যথাযথভাবে হালনাগাদকরণ প্রসঙ্গে।

জনগণের দোড়গোড়ায় সরকারি সেবা পৌঁছে দেওয়ার জন্য জাতীয় তথ্য বাতায়ন/ওয়েব পোর্টাল গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে, যা জনগণের জন্য তথ্য প্রাপ্তির অবাধ প্রবাহ নিশ্চিত করেছে। এই প্রবাহকে আরো গতিশীল করার জন্য পাবনা জেলায় অবস্থিত সরকারী দপ্তরসমূহের ওয়েব পোর্টালের তথ্য যথাযথভাবে হালনাগাদ করা প্রয়োজন। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৪ ধারা অনুযায়ী তথ্য পাওয়া নাগরিকগণের অধিকার এবং আইনের ৬ ধারায় প্রত্যেক কর্তৃপক্ষকে তথ্য প্রকাশের নির্দেশনা দেওয়া হয়েছে। তথ্য কমিশনের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৪ তে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশযোগ্য সকল হালনাগাদ তথ্য প্রদানের নির্দেশনা রয়েছে। জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মার্চ-২০২৩ সভার সিদ্ধান্ত মোবাতেক আগামী সভার পূর্বে আপনার দপ্তরের ওয়েব পোর্টাল এর মেইন মেনুর আওতাধীন সাবমেনুসমূহ, সেবা বক্সের সকল লিংক, সকল কর্মকর্তার মোবাইল নম্বর, ছবি ও ইমেইলসহ তালিকা, নোটিশবোর্ড, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কার্যক্রম, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন সংক্রান্ত, বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি সম্পূর্ণরূপে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত কার্যক্রমে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতার জন্য নিম্ন স্বাক্ষরকারী দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি: পাবনা জেলা পর্যায়ের ওয়েবপোর্টাল সমূহের ০২-০৪-২০২৩ তারিখের হালনাগাদ তথ্য

০২-০৪-২০২৩

সজীব সরকার

প্রোগ্রামার

০২৫৮৮৮৪৫২৫৭

doict.pabna@gmail.com

.....!

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৬০০.০০০.৩২.০০৩.১৯.৪৯/১ (৪)

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা এবং
- ৪। সহকারী প্রোগ্রামার(সকল), পাবনা।



Washim

০২-০৪-২০২৩

মোহাম্মদ ওয়াসিম উদ্দীন
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার

সকল সংযুক্তিসমূহ:

(১) পাবনা জেলা পর্যায়ের ওয়েবপোর্টাল সমূহের ০২-০৪-২০২৩ তারিখের হালনাগাদ তথ্য